40

তারিখ ... 14 MAR 1990 ...
পৃষ্ঠা... ৬ ... কলাম ... ৬ ...

# ঢাকা ভার্সিটি আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নের পদক্ষেপ নিয়ে আলোচনা

প্রেসিডেন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান আইন শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপগ্রহণ

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করেছেন। এই নির্দেশ অনুসারে স্বরাষ্ট্রমন্ত্রী জনাব মাহমুদুল হাসানের সভাপতিত্বে সোমবার এক উচ্চ পর্যায়ের বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা করা হয়। খবর তথ্য বিবরণীর।

বৈঠকে ঢাক বিশ্ববিদ্যালয়ের বর্তমান আইন শৃংখলা পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে গৃহীতব্য বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিশদ আলোচনা করা হয়।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদার এবং বহিরাগতদের অনুপ্রবেশ রোধের উপায় খুঁজে বের করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (রাজনৈতিক)-কে আহবায়ক করে ৫ সদস্যের এক কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী ৭ দিনের মধ্যে এ সম্পর্কে সুপারিশমালা পেশ করার নির্দেশ দেওয়া হয়।

বৈঠকে ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি করার স্বার্থে সরকারের সাথে সহযোগিতা করার জন্য বিভিন্ন রাজনৈতিক দলসহ ছাত্র, শিক্ষক, অভিভাবক এবং সর্বস্তরের জনগণের প্রতি আহবান জানানো হয়েছে।